

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৪, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পক্ষী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ৮ই কর্তিক ১৪০৮বাখ/২৩শে অক্টোবর ২০০১ইং

নং এস, আর, ও ২৯০-আইন/২০০১—যেহেতু সরকার মাদারীপুর মিউনিসিপ্যালিটির সীমানা সম্প্রসারণের লক্ষ্যে অত্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস.আর.ও ৬৬-আইন/২০০১/পৌর-২/মান-৪/৯০, তারিখ ২২শে মার্চ, ২০০১ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকা মাদারীপুর মিউনিসিপ্যালিটিতে অন্তর্ভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর, উক্ত Rules বলিয়া উন্নিষ্ঠিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তক্রপ সম্প্রসারণের প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য মাদারীপুর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রস্তাবিত সম্প্রসারণের পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

(৯৯৮১)

মূল্য : টাকা ১.০০

যেহেতু সরকার এ প্রতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উল্লিখিত এলাকাসমূহকে মাদারীপুর মিডিনিসিপ্যালিটির সহিত অন্তর্ভুক্ত করিয়া উক্ত মিডিনিসিপ্যালিটির সীমানা সম্প্রসারণ করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর Rule 5-এর বিধান মোতাবেক সরকার এই মর্মে ঘোষণা করিল যে, আগামী ১৩-০৭-১৪০৮বাঃ/২৮-১০-২০০১ইং তারিখ হইতে নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাসমূহ মাদারীপুর মিডিনিসিপ্যালিটির (পৌর এলাকা) অন্তর্ভুক্ত হইবে এবং অনুরূপভাবে উহার সীমানা সম্প্রসারিত হইবে।

তফসিল

ইউনিয়ন	মৌজার নাম	জে.এল.নং	দাগ নং
১	২	৩	৪
ঘটমাছি	খাগদী	১১৯	১১৪৫-১৩৬০, ১৪০২-১৪৭৬।
	গৈনদী	১২৫	১-৩৩৩, ৩৫৪-৩৫৭, ৩৭১-৩৯৬, ৩৯৮-৮০২, ৮৭৬-৮৭৭, ৫০৫-৬০৩, ৬৩৮।
	সুরিনগর	১২২	১-৮৭, ৬৩-৬৮, ৭০-৭৮।
	থানতলি	১২১	১৭-৮০, ৬৫-১৪০, ১৪৩-১৫২, ১৬০, ১৬৩-১৬৮, ১৭৩-১৯১, ২৭২, ২৭৪-৩২২, ৩৪২-৩৫৬।
	পাকদী	১২০	৮৫-১৯০, ২২৫-২৯৯।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলী খান
উপ-সচিব (পৌর)।